17 OCT 2016
পৃষ্ঠা 8 ... 2

প্রথম আলো

# আরও ২৩ কলেজ জাতীয়করণ হচ্ছে

নিজস্ব প্রতিবেদক ●

আরও ২৩টি বেসরকারি কলেজকে জাতীয়করণ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। কয়েক দিন আগে এ বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মতি দিয়েছেন। এরপর প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে কলেজগুলোর তালিকা দিয়ে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেওয়া হয়েছে।

গতকাল রোববার এ-সংক্রান্ত নির্দেশনা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) কাছে পাঠানো হয়েছে। নিয়মানুযায়ী এখন মাউশি এসব কলেজ পরিদর্শন করে মন্ত্রণালয়ে প্রতিবেদন দেবে। পরে মন্ত্রণালয় এ বিষয়ে জাতীয়করণের আদেশ জারি করবে।

এর আগে চলতি বছরের জুনে সারা দেশের আরও ১৯৯টি বেসরকারি কলেজ সরকারি করার সিদ্ধান্ত নেয় সরকার। তবে এখনো এগুলোর বিষয়ে চূড়ান্ত আদেশ জারি হয়নি। আনুষঙ্গিক কাজ চলছে।

শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলেছেন, যেসব উপজেলায় সরকারি কলেজ নেই, সেগুলোতে একটি করে কলেজ সরকারি করার পরিকল্পনার অংশ হিসেবে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে অভিযোগ উঠেছে, যেনতেন কিছু কলেজও জাতীয়করণ করা হচ্ছে। এ ক্ষেত্রে বিভিন্ন এলাকায় আর্থিক লেনদেনেরও অভিযোগ উঠেছে। এ নিয়ে *প্রথম আলোয়* প্রতিবেদন প্রকাশিত হয়েছে। এসব কলেজের আত্তীকৃত হওয়া শিক্ষকেরা আপাতত অন্য কলেজে বদলি হতে পারবেন না।

মাউশির একজন কর্মকর্তা বলেন, বর্তমানে সারা দেশে ৩৩৫টি সরকারি কলেজ আছে। সরকারের পরিকল্পনা হলো আরও তিন শতাধিক কলেজকে জাতীয়করণ করা হবে। এদিকে আত্তীকৃত শিক্ষকদের বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্ত করা নিয়ে বিদ্যমান বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের শিক্ষকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতারা সামাজিক যোগাযোগ মাধ্যমেও এ বিষয়ে মন্তব্য করছেন।

**যে ২৩ কলেজ জাতীয়করণ হচ্ছে** : ঢাকার নবাবগঞ্জের দোহার নবাবগঞ্জ কলেজ, মানিকগঞ্জের হরিরামপুরের বিচারপতি নূরুল ইসলাম মহাবিদ্যালয়, দৌলতপুরের মতিলাল ডিগ্রি কলেজ, ফরিদপুরের সালথা কলেজ, শরীয়তপুরের জাজিরার বি কে নগর বঙ্গবন্ধু কলেজ, ময়মনসিংহের ফুলবাড়িয়ার বেগম ফজিলাতুন্নেছা মুজিব মহিলা মহাবিদ্যালয়, কিশোরগঞ্জের পাকুন্দিয়া কলেজ, শেরপুরের ঝিনাইগাতীর আদর্শ মহাবিদ্যালয়, চট্টগ্রামের হাটহাজারী কলেজ, কুমিল্লার হোমনা ডিগ্রি কলেজ, সিলেটের বিশ্বনাথ কলেজ, রাজশাহীর তানোরের আবদুল করিম সরকার কলেজ, দুর্গাপুরের দাওকান্দি ডিগ্রি কলেজ, নওগাঁর মান্দা মমিন-শাহানা ডিগ্রি কলেজ, সিরাজগঞ্জের কামারখন্দের কাজী কোরাপ আলী মেমোরিয়াল ডিগ্রি কলেজ, বগুড়ার নন্দীগ্রাম মহিলা ডিগ্রি কলেজ, শিবগঞ্জ এম এইচ মহাবিদ্যালয়, রংপুরের তারাগঞ্জ ওয়াকফ এস্টেট কলেজ, দিনাজপুরের ঘোড়াঘাট ডিগ্রি কলেজ, চিরিরবন্দর ডিগ্রি কলেজ, খুলনার তেরখাদার নর্থ খুলনা কলেজ, দিঘলিয়া এম এ মজিদ ডিগ্রি কলেজ ও কুষ্টিয়ার ভেড়ামারা মহিলা কলেজ।